



প্রতিবেশীদের সঙ্গে ভারসাম্যপূর্ণ সম্পর্ক গড়বে বিএনপি: সালাহউদ্দিন



সালাহউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও কক্সবাজার-১ আসনে ধানের শীষ প্রতীকে নির্বাচিত সালাহউদ্দিন আহমেদ জানিয়েছেন, ক্ষমতায় এলে দলটি প্রতিবেশী দেশের সঙ্গে সুসম্পর্ক বজায় রাখতে কাজ করবে।

শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) রাজধানীর গুলশানে আয়োজিত এক ব্রিফিংয়ে তিনি এ কথা বলেন।

সালাহউদ্দিন বলেন, এবারের নির্বাচনে বিএনপির সাফল্য প্রত্যাশিত ছিল। তারেক রহমানের উপস্থিতি জেটারদের অংশগ্রহণকে বাড়িয়েছে। নির্বাচনের মাধ্যমে দেশে গণতান্ত্রিক প্রতিষ্ঠান আরও শক্তিশালী হয়েছে। জুলাই সনদকে রাজনৈতিক সমঝোতার প্রতীক হিসেবে দেখেন তিনি এবং তা পূর্ণরূপে মানা হবে। তরুণ প্রজন্মের আশা অনুযায়ী মেধা ও প্রযুক্তি নির্ভর একটি দেশ গড়ার জন্য সবার সহযোগিতা প্রয়োজন বলেও মন্তব্য করেন।

তিনি আরও বলেন, নতুন সরকারের অগ্রাধিকার থাকবে তিনটি—আইনের শাসন, দুর্নীতিমুক্ত প্রশাসন এবং অর্থনৈতিক উন্নয়ন। গেজেট প্রকাশের পর সংবিধান অনুযায়ী শপথ গ্রহণ হবে।

এদিকে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ২৯৯ আসনের মধ্যে বিএনপি ও জেটার প্রার্থীরা জয় পেয়েছেন ২১৩ আসনে। জামায়াতসহ ১১ দলীয় জোট ৭৭ আসনে জয়ী হয়েছে। স্বতন্ত্র প্রার্থী ৬ জন। শেরপুর-৩, চট্টগ্রাম-২ ও চট্টগ্রাম-৪ আসনের ফলাফল আদালতের নিষেধাজ্ঞার কারণে প্রকাশ করা হয়নি। ২৯৬ আসনের বেসরকারি ফল ইতিমধ্যেই জানা গেছে।